গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
জুডিশিয়াল মুন্সিখানা শাখা

বিষয় : জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতি	মোঃ আবু জাফর জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
সভার তারিখ	১২ জানুয়ারি ২০২০
সভার সময়	সকাল ১১.৩০ ঘটিকা।
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-''ক''তে দেখানো হলো।

সভায় সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটকে দফাভিত্তিক আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়।

ক্রমিক নং	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	**গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ** ০৮ ডিসেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন ও পাঠ করা হয়। এতে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচারণা কমিটি
০২	**মাদকদ্রব্য বিরোধী অভিযান পরিচালনা সংক্রান্তঃ** সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, বিবেচ্য মাসে একক ও যৌথভাবে ৬২টি অভিযান পরিচালনা করে গাঁজা- ৮ কেজি, ইয়াবা-৯০৫ পিস আটক করা হয়েছে। পুলিশ বিভাগ কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে দেখা যায় ডিসেম্বর, ২০১৯ খ্রি: মাসে পুলিশ বিভাগ কর্তৃক ৭১টি অভিযানে গাঁজা-৫৭.০০ কেজি, ফেন্সিডিল- ৫৬০ বোতল, ইয়াবা- ১১৯৩ পিস, হেরোইন-১১০ গ্রাম আটক করা হয়েছে এবং বিজিবি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে দেখা যায় যে, এ মাসে ৩৯০২ টি অভিযানে বিদেশী মদ-১১৩ বোতল, ভারতীয় গাঁজা-৩৫ কেজি, ভারতীয় ফেন্সিডিল-৩৭৩ বোতল আটক করা হয়েছে।	চোরাইপথে আসা গাঁজা ও ফেনসিডিলসহ অন্যান্য মাদকদ্রব্য আটক করার জন্য আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে দক্ষতার সাথে কাজ করতে হবে এবং টাস্কফোর্স অভিযান বৃদ্ধি করতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) অধিনায়ক, ১৫ বিজিবি, লালমনিরহাট ৩) সহকারী পরিচালক মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট।

০৩	**মাদক দ্রব্য সংক্রান্ত মামলার মাসিক বিবরণীঃ** আলোচনায় সহকারী পরিচালক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে দেখা যায় যে, বিবেচ্য মাসে মোবাইল কোর্টের আওতায় ১৩ টি মামলা এবং থানায় ০৪টি নিয়মিত মামলা দায়ের হয়েছে। ডিসেম্বর ২০১৯ মাসের জের হিসেবে বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালতে ১১৮ টি মামলা বিচারাধীন ছিল এবং বিবেচ্য মাসে ০১ টি মামলা দায়ের হয়েছে। চলতি মাসে কোন মামলা নিষ্পত্তি না হওয়ায় মাস শেষে ১১৯ টি মামলা বিচারাধীন রয়েছে। অপর পক্ষে বিজ্ঞ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে ১৭৩টি মামলা বিচারাধীন ছিল। বিবেচ্য মাসে ০৩টি মামলা দায়ের হয়েছে। চলতি মাসে কোন মামলা নিষ্পত্তি না হওয়ায় মাস শেষে ১৭৬ টি মামলা বিচারাধীন রয়েছে। তদন্তাধীন মামলাগুলো দ্রুত তদন্ত সম্পন্ন করে প্রতিবেদন দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এবং বিচারাধীন মামলাগুলো সম্ভাব্য দ্রুত নিষ্পত্তির জন্য বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, লালমনিরহাট'কে অনুরোধ জানানো হয়। বিচারাধীন মামলাগুলোর কোন সাক্ষী সাক্ষ্য প্রদানের জন্য আদালতে এসে যাতে ফেরত চলে না যায় সে বিষয়ে লক্ষ্য রাখার জন্য বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, লালমনিরহাটকে অনুরোধ জানানো হয়।	১। তদন্তাধীন মামলাগুলো দ্রুত তদন্ত সম্পন্ন করে প্রতিবেদন প্রদান করতে হবে। ২। বিচারাধীন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩। সাক্ষী দিতে এসে কোন সাক্ষী যাতে ফিরে না যান সে বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	১) পুলিশ সুপার, লালমনিরহাট। ২) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট। ৩) বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, লালমনিরহাট। ৪) কোর্ট ইন্সপেক্টর, লালমনিরহাট।
০৪	**চোরাচালান ও মাদকমুক্ত করণের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধি ও ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণঃ** সভায় লালমনিরহাট জেলাকে চোরাচালান ও মাদকমুক্তকরণের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধি ও ব্যাপক প্রচারের বিষয়ে করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়।	১। সন্ধ্যার পর যৌক্তিক কারণ ছাড়া কোন ছাত্র বাসার বাইরে বাজার/ হোটেল /রেঁস্তোরা/ পার্ক/স্কুল/ কলেজের মাঠ বা অন্য কোন স্থানে ঘোরাফেরা বা আড্ডা দিতে পারবে না।	১। পুলিশ সুপার, লালমনিরহাট। ২। মেয়র , লালমনিরহাট/পাটগ্রাম পৌরসভা।
		২। বৈধ কাগজ পত্র ও লাইসেন্স বিহীন কোন মোটর সাইকেল চলাচল করতে পারবে না এবং এ ধরনের লাইসেন্স বিহীন মোটর সাইকেল বা অন্য কোন যানবাহন ব্যবহার করে মাদক ব্যবসায় বা চোরাচালান কর্মকান্ডে যাতে সহযোগিতা করতে না পারে সে ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগকে সতর্কতা অবলম্বন করতে হবে ।	১। পুলিশ সুপার, লালমনিরহাট। ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)। ৩। সহকারী পরিচালক, বিআরটিএ, লালমনিরহাট। ৪। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, লালমনিরহাট।
		৩। সীমান্তবর্তী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে মাদক পাচার প্রতিরোধে কঠোর ভূমিকা পালন করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)। ২। অফিসার ইনচার্জ, (সকল) ৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সংশ্লিষ্ট)।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আবু জাফর
জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।

স্মারক নম্বর: ০৫.৪৭.৫২০০.০২৪.০৩.০০৭.১৬.১২৯

তারিখ: ১৫ মাঘ ১৪২৬
২৯ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
৩) সচিব, সুরক্ষা সেবা বিভাগ
৪) মহাপরিচালক, বিসিএস (কর) একাডেমী, জাতীয় রাজস্ব বোর্ড
৫) ইন্সপেক্টর জেনারেল , পুলিশ হেডকোয়ার্টার্স
৬) মহাপরিচালক (বিজিবি), বর্ডার গার্ড বাংলাদেশ
৭) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৮) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর
৯) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট
১০) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, লালমনিরহাট
১১) প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
১২) সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন কার্যালয়, লালমনিরহাট
১৩) জনাব----------, লালমনিরহাট।
১৪) জেলা পর্যায়ের কর্মকর্তা (সকল), লালমনিরহাট
১৫) উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট

মোঃ আবু জাফর
জেলা ম্যাজিস্ট্রেট